

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা  
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (২৩ এপ্রিল ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: কাউখালী

তারিখ: ২৩-০৪-২০২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ২০.০৪.২০২৬ থেকে ২২.০৪.২০২৬ তারিখ পর্যন্ত

জেলা: রাঙ্গামাটি

বুলেটিন নম্বর: ১৪২

পূর্বাভাসের সময়কাল	২০-০৪-২০২৬	২১-০৪-২০২৬	২২-০৪-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০-১	০-১	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৪	৩৫	৩৪
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২১	২২	২০
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭৮	৭৭	৭৮
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৩২	৩৪	২৯
বাতাসের দিক	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ২৩.০৪.২০২৬ থেকে ২৬.০৪.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৩-০৪-২০২৬	২৪-০৪-২০২৬	২৫-০৪-২০২৬	২৬-০৪-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০-১	০-১	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৫	৩৭	৩৫	৩৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২০	১৯	১৯	১৯
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৮১	৮১	৮১	৮২
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	২২	২২	২৫	২৪
বাতাসের দিক	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম	দক্ষিণ- পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ২৩ এপ্রিল ২০২৬ – ২৬ এপ্রিল ২০২৬

#### কাজু বাদাম: ফল পরিপক্ক পর্যায়

বর্তমানে কাজু বাদাম গাছের ফল পরিপক্ক পর্যায়ে আছে। বর্তমান আবহাওয়ায় পরিপক্ক কাজু বাদাম সংগ্রহ করলে গাছ থেকে বা গাছের নীচ থেকে তা কড়া রোদে ২/৩ তিন শুকিয়ে ঠান্ডা যায়গায় সংরক্ষণ করুন। ঝড়ো হাওয়ায় কাজু বাদাম বাদাম গাছ যাতে বাতাসে হেলে না পড়ে সেজন্য প্রতিটি গাছে খুটির ব্যবস্থা করতে হবে। কাজু বাদাম গাছ নিয়মিত পর্যবেক্ষণ করুন, প্রয়োজনে সেচ প্রদান করুন, আগাছা পরিষ্কার করে এবং বাগান পরিষ্কার রাখুন।

#### আম:

এ সময়ে আমের মাছি পোকাসহ অন্যান্য পোকাকার জন্য সতর্ক থাকতে হবে। মাছি পোকা দমনের জন্য সবজি ক্ষেতে যে রকম বিষটোপ ব্যবহার করা হয় সে ধরনের বিষটোপ বেশ কার্যকর। অনুকূল আবহাওয়ায় আম পরিপক্ক হবার ১ মাস পূর্বে আমের মাছি পোকাকার আক্রমণ হতে পারে। এক্ষেত্রে ফল সংগ্রহের অন্তত একমাস (০১) পূর্বে সেক্স ফেরোমন ফাঁদ বা ফুট ব্যাগিং প্রযুক্তি ব্যবহার করুন। বর্তমান আবহাওয়ায় ফল ছিদ্রকারী পোকা (স্ত্রী পোকা) আমের ত্বকে ডিম পাড়ে। আমের হপার পোকা এবং অ্যানথ্রাকনোজ রোগ দমনের জন্য অনুমোদিত বালাইনাশক অনুমোদিত মাত্রায় ব্যবহার করুন। করতে হবে।